সংবাদ

তারিখ ...22-NOV 2013...
পৃ: ১৮ কলাম ২

# শিক্ষার উন্নয়নে

# এডিবির সঙ্গে ৭২০ কোটি টাকার ঋণ চুক্তি

নিজস্ব বার্তা পরিবেশক

দেশের মাধ্যমিক স্তরের শিক্ষার উন্নয়নে সরকার এবং এশীয় উন্নয়ন ব্যাংকের (এডিবি) ৭২০ কোটি টাকার (৯০ মিলিয়ন মার্কিন ডলার) একটি ঋণচুক্তি স্বাক্ষরিত হয়েছে। গতকাল শিক্ষা মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে বাংলাদেশ সরকারের পক্ষে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সচিব আবুল কালাম আজাদ এবং এডিবির পক্ষে সংস্থাটির বাংলাদেশের কান্ট্রি ডিরেক্টর এম তেরেসা খো ঋণচুক্তিতে স্বাক্ষর করেন। অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ, শিক্ষাসচিব ড. কামাল আবদুল নাসের চৌধুরীসহ সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

শিক্ষামন্ত্রণালয় জানিয়েছে, মাধ্যমিক স্তরে প্রাসঙ্গিকতার ভিত্তিতে পাঠ্যক্রম উন্নয়ন, শিক্ষাপদ্ধতির উন্নয়ন, সমতার ভিত্তিতে শিক্ষা গ্রহণে সুবিধা বৃদ্ধি ও ঝরেপড়া রোধকল্পে ব্যবস্থা গ্রহণ এবং শিক্ষা ব্যবস্থাপনা ও পরিচালনা কার্যক্রম জোরদার করাই এডিবির সঙ্গে এ কর্মসূচির মূল উদ্দেশ্য।

শিক্ষা মন্ত্রণালয় ২০১৪-২০২৩ পর্যন্ত ১০ বছর মেয়াদে বাস্তবায়নের জন্য ১৭ দশমিক ৩০ বিলিয়ন মার্কিন ডলারের সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (এসইএসআইপি) শীর্ষক কর্মসূচি প্রণয়ন করেছে। এডিবির মাল্টি-ট্রাঞ্চ ফাইনান্স ফেসিলিটি (এমএফএফ)-এর আওতায় এ কর্মসূচির জন্য চার কিস্তিতে ৫০০ মিলিয়ন মার্কিন ডলারের (প্রথম কিস্তি ৯০ মিলিয়ন মার্কিন ডলার, দ্বিতীয় কিস্তি ১০০ মিলিয়ন মার্কিন ডলার, তৃতীয় ও চতুর্থ কিস্তি ৩১০ মিলিয়ন মার্কিন ডলার) ঋণ প্রদান করবে।

প্রথম কিস্তির অর্থ ২০১৪-২০১৭ মেয়াদে, দ্বিতীয় কিস্তির অর্থ ২০১৬-২০১৭ মেয়াদে এবং তৃতীয় ও চতুর্থ কিস্তির অর্থ ২০১৮-২০২৩ মেয়াদে কর্মসূচির কার্যক্রম বাস্তবায়িত হবে। এডিবি স্বাক্ষরিত এ ঋণচুক্তির আওতায় এসইএসআইপি কর্মসূচির জন্য প্রথম কিস্তি হিসেবে ৯০ মিলিয়ন মার্কিন ডলার সহজ শর্তের ঋণ প্রদান করবে। সহজ শর্তের এ ঋণ পরিশোধের সময়সীমা পাঁচ বছর গ্রেস পিরিয়ডসহ ২৫ বছর এবং সুদের হার দুই শতাংশ।

শিক্ষা মন্ত্রণালয় এসইএসআইপি কর্মসূচির উদ্যোগী মন্ত্রণালয় এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাস্তবায়নকারী সংস্থা হিসেবে দায়িত্ব পালন করবে। এডিবি বাংলাদেশে বিদ্যুৎ, জ্বালানি, এডিবির : পৃ: ২ ক: ৩

## এডিবির : সঙ্গে

(১৬ পৃষ্ঠার পর)

স্থানীয় সরকার, পরিবহন, শিক্ষা, কৃষি, পানিসম্পদ, সুশাসন, স্বাস্থ্য ও আর্থিক খাতে ঋণ সহায়তা প্রদান করে থাকে। ১৯৭৩ সালে এডিবির সদস্য হওয়ার পর থেকে এডিবি বাংলাদেশের অন্যতম উন্নয়ন সহযোগী হিসেবে বাংলাদেশকে ঋণ ও অনুদান সহায়তা প্রদান করে আসছে।

গত বছরের ডিসেম্বর পর্যন্ত বাংলাদেশের আর্থ-সামাজিক উন্নয়নে এডিবির ঋণ সহায়তার পরিমাণ ২৩৪টি, ঋণের বিপরীতে ১৪ বিলিয়ন মার্কিন ডলারের অধিক এবং কারিগরি সহায়তার পরিমাণ ৩৮৯টি টিএ গ্রান্টের বিপরীতে ২২১ মিলিয়ন মার্কিন ডলারের বেশি। বর্তমানে এডিবির সহায়তায় চলমান ৪৩টি প্রকল্প/কার্যক্রমে অর্থায়নের পরিমাণ পাঁচ দশমিক ৫০ বিলিয়ন মার্কিন ডলারের অধিক। এর আগে বুধবার প্রাথমিক শিক্ষার উন্নয়নে সুইডেনের সঙ্গে একটি চুক্তি স্বাক্ষরিত হয়। চুক্তি অনুসারে প্রাথমিক শিক্ষার প্রসার ও ঝরেপড়া শিশুদের শিক্ষা প্রতিষ্ঠানমুখী করতে এক হাজার ৪৭ কোটি টাকার অনুদান দেবে সুইডেন। প্রাথমিক শিক্ষা, কর্মজীবী শিশুদের শিক্ষা, স্বাস্থ্যসহ বেশ কয়েকটি খাতে এ অর্থ ব্যয় করা হবে। গত পাঁচ বছর ধরে প্রতিবছর ২৮০ কোটি টাকা (২৩৫ মিলিয়ন এসিকে) অনুদান দিয়ে আসছে সুইডেন। মাল্টি ডোনার ট্রাস্ট ফান্ডের মাধ্যমে সুইডেন সরকার বাংলাদেশের প্রাথমিক শিক্ষা, কর্মজীবী শিশুদের শিক্ষা স্বাস্থ্যসহ বেশ কয়েকটি খাতে এ সহায়তা দেবে। আগামী পাঁচ বছর কয়েকটি ধাপে দেশে এ অনুদান আসবে সুইডেন সরকারের কাছ থেকে। কর্মকর্তারা জানিয়েছেন, সুইডেন বাংলাদেশের অন্যতম সহযোগী। তারা অনুদান দিয়ে দেশের উন্নয়নে অবদান রাখছে। এর অংশ হিসেবে আগামী ৫ বছরে এক হাজার ৪৭ কোটি টাকার অনুদান দিতে যাচ্ছে। এই অনুদানে প্রাথমিক শিক্ষার প্রসারসহ ঝরেপড়া শিশুদের প্রতিষ্ঠানমুখী করা হবে। এছাড়া এ অর্থ শিশুদের স্বাস্থ্যসেবায় ব্যয় করা হবে।